



খুলনা-১ আসনে জামায়াতের প্রার্থী হিসেবে ব্যবসায়ী কৃষ্ণ নন্দী



সংগৃহীত ছবি

হিন্দু সংখ্যাগরিষ্ঠ খুলনা-১ আসন (দাকোপ-বটিয়াঘাটা) থেকে আগামী জাতীয় সংসদ নির্বাচনে জামায়াত মনোনীত প্রার্থী হিসেবে নাম উঠে এসেছে ব্যবসায়ী কৃষ্ণ নন্দীর। বুধবার (৩ ডিসেম্বর) সন্ধ্যায় খুলনা শহরের দলীয় কার্যালয়ে অনুষ্ঠিত কর্মী সভায় তার প্রার্থিতা আনুষ্ঠানিকভাবে ঘোষণা করা হয়। জামায়াতের স্থানীয় একাধিক নেতাকর্মী এবং কৃষ্ণ নন্দী নিজেও তার মনোনয়ন পাওয়ার বিষয়টি নিশ্চিত করেছেন। গত সপ্তাহ থেকেই রাজনৈতিক অঙ্গনে তার সম্ভাব্য প্রার্থিতা নিয়ে আলোচনা থাকলেও এবার সেটি আনুষ্ঠানিক রূপ পেল। বর্তমানে তিনি জামায়াতের ডুমুরিয়া উপজেলা সনাতন শাখার সভাপতি হিসেবে দায়িত্ব পালন করছেন। জানা গেছে, চুকনগর বাণিজ্যিক এলাকায় কৃষ্ণ নন্দীর বাড়ি ও একাধিক ব্যবসাপ্রতিষ্ঠান রয়েছে। অতীতে তিনি আওয়ামী লীগের সাবেক এমপি নারায়ণ চন্দ্র চন্দ্রের ঘনিষ্ঠ ব্যক্তি হিসেবে পরিচিত ছিলেন। তবে গণঅভ্যুত্থানের পর তিনি জামায়াতের সেক্রেটারি জেনারেল এবং খুলনা-৫ আসনের প্রার্থী মিয়া গোলাম পরওয়ারের সঙ্গে ঘনিষ্ঠতা তৈরি করেন এবং নিয়মিত দলীয় কর্মসূচিতে সক্রিয় ভূমিকা রাখতে থাকেন। বিভিন্ন সভা-সমাবেশেও তাকে দাঁড়িপাল্লার পক্ষে সমর্থন চাইতে দেখা গেছে। জামুনা টেলিভিশনকে দেওয়া এক প্রতিক্রিয়ায় কৃষ্ণ নন্দী বলেন, “জামায়াতের প্রথম হিন্দু প্রার্থী হিসেবে আমাকে মনোনয়ন দেওয়া হয়েছে। আজ সন্ধ্যায় আনুষ্ঠানিকভাবে আমার নাম ঘোষণা করা হয়।” তিনি জানান, নির্বাচনে জয়ের ব্যাপারে তিনি আত্মবিশ্বাসী এবং পরের দিন থেকেই মাঠে প্রচারণায় নামবেন।